রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২১, ২০১৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২১—৩৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭৩—৯০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৩—৮১ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**
**এডিবি-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ অক্টোবর ২০১৫

**নং ০৯.৫২২.০২৪.০১.০০.০০৫.২০১৫-১৯১**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে Second Small and Medium Enterprise Development Project (SMEDP-II) শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকারের পক্ষে Loan Negotiation-এর লক্ষ্যে নিম্নোক্তভাবে প্রতিনিধিদল গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| (১) | জনাব সাইফুদ্দিন আহমদ, যুগ্ম-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| (২) | জনাব মোঃ হারুন-অর-রশিদ, উপ-সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৩) | জনাব মোঃ মইনুল কবির, উপ-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ,, |
| (৪) | জনাব মোহাম্মদ ওয়ালিদ হোসেন, উপ-সচিব, অর্থ বিভাগ | ,, |
| (৫) | জনাব মোঃ আনোয়ার হোসেন, ডিজিএম, বাংলাদেশ ব্যাংক | ,, |
| (৬) | জনাব মোঃ নাজিম হাসান সাত্তার, উপ-মহাব্যবস্থাপক এসএমই ফাউন্ডেশন | ,, |
| (৭) | জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী প্রধান, শিল্প মন্ত্রণালয় | ,, |
| (৮) | ড. মোঃ মিজানুর রহমান, সিনিয়র সহকারী প্রধান, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ,, |

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**২। Loan Negotiation-এর তারিখ, সময় ও স্থান:**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ২৬ অক্টোবর ২০১৫ | সকাল ০৯.৩০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

**৩। Loan Negotiation-প্রতিনিধিদলের সদস্যগণ যথাসময়ে Loan Negotiation-এ অংশগ্রহণ করবেন।**

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মিজানুর রহমান**
সিনিয়র সহকারী প্রধান।

---

**কৃষি মন্ত্রণালয়**
**আঃ সঃ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ আশ্বিন ১৪২২/১ অক্টোবর ২০১৫

**নং ১২.০০.০০০০.০৭২.৩৫.০০১.১২(অংশ)-৪০২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৮ শাখার ২৫ মে ২০১৪ খ্রিঃ তারিখের ০৫.০১. ০০১০.১৫৭.২৮.০১৪.১২-১১৩ নম্বর স্মারক ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ-৪, অধিশাখার ২৩ মার্চ ২০১৫ তারিখের ০৭.১৫৪.০১৫.১২.১১. ০০১.২০১৪-১২২ নম্বর পত্র এবং মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ শাখার ০৯ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ০৪.০০.০০০০. ৭১১.০৬.০২১.১৫-২৬৩ নম্বর পত্রে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের পরিপ্রেক্ষিতে কৃষি বিপণন অধিদপ্তরের বিদ্যমান পরিচালক পদটির বেতন স্কেল অপরিবর্তিত রেখে নিম্নরূপভাবে পদনাম পরিবর্তন করা হলো ঃ

| ক্রমিক নং | বিদ্যমান পদনাম | পরিবর্তিত পদনাম |
|---|---|---|
| (১) | পরিচালক | মহাপরিচালক |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাম্মৎ মোস্তারী খানম**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ১৬ আশ্বিন ১৪২২/১ অক্টোবর ২০১৫

**নং ১২.০০.০০০০.০৭২.৩৫.০০১.১২(অংশ)-৪০৩**—আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫-৫-২০১৪ তারিখের ০৫.০১. ০০১০.১৫৭.২৮.০১৪.১২-১১৩ নম্বর স্মারক, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ-৪ অনুবিভাগের ২৩-০৩-২০১৫ তারিখের ০৭.০১৫৪.০২৫.১২.১১. ০০১.২০১৪-১২২ নং স্মারক, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাস্তবায়ন অনুবিভাগের ১২-৭-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬৪.১২.০০৪. ২০১৫-৬৩ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ শাখার ০৯-০৯-২০১৫ তারিখের ০৪.০০.০০০০. ৭১১.০৬.০২১.১৫-২৬৩ নম্বর স্মারক পত্রের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের প্রেক্ষিতে এই আদেশ জারির তারিখ হতে বছর বছর সংরক্ষণের শর্তে নিম্নবর্ণিত মোট ৩২২ (তিনশত বাইশ) টি পদ অস্থায়ীভাবে সৃজনের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

**সদর দপ্তর/প্রধান কার্যালয়ের জন্য সৃজনকৃত ১ম শ্রেণীর (নন-ক্যাডার) পদের বিবরণ ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল ও গ্রেড (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | পদ সংখ্যা |
|---|---|---|---|
| (১) | প্রোগ্রামার | ১৮৫০০-২৯৭০০ (৬নং গ্রেড) | ০১ (এক) টি |
| (২) | সহকারী প্রোগ্রামার | ১১০০০-২০৩৭০ (৯নং গ্রেড) | ০২ (দুই) টি |
| | | **মোটঃ** | **০৩ (তিন) টি** |

**সদর দপ্তর/প্রধান কার্যালয়ের জন্য সৃজনকৃত ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর পদের বিবরণ ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল ও গ্রেড (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | পদ সংখ্যা |
|---|---|---|---|
| (১) | অডিট এন্ড বাজেট অফিসার | ৮০০০-১৬৫৪০ (১০নং গ্রেড) | ০১ (এক) টি |
| (২) | উপ-সহকারী প্রৌকশলী (হার্ডওয়্যার, সফ্টওয়্যার ও নেটওয়ার্ক) | ৮০০০-১৬৫৪০ (১০নং গ্রেড) | ০১ (এক) টি |
| (৩) | লাইব্রেরীয়ান | ৮০০০-১৬৫৪০ (১০নং গ্রেড) | ০১ (এক) টি |
| (৪) | প্রশাসনিক কর্মকর্তা | ৬৪০০-১৪২৫০ (১১নং গ্রেড) | ০১ (এক) টি |
| (৫) | মাঠ ও বাজার পরিদর্শক | ৫৯০০-১৩১২৫ (১২নং গ্রেড) | ০৪ (চার) টি |
| (৬) | স্টোর কিপার | ৪৭০০-৯৭৪৫ (১৬নং গ্রেড) | ০১ (এক) টি |
| (৭) | ম্যাসেঞ্জার | ৭৯০০ (সাকুল্যে) | ০১ (এক) টি |
| | | **মোটঃ** | **১০ (দশ) টি** |

**০৭ (সাত)টি বিভাগীয় কার্যালয়ের জন্য সৃজনকৃত ৩য় ও ৪র্থ শ্রেণীর পদের বিবরণ ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল ও গ্রেড (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | পদ সংখ্যা |
|---|---|---|---|
| (১) | প্রশাসনিক কর্মকর্তা | ৬৪০০-১৪২৫০ (১১নং গ্রেড) | ০৭ (সাত) টি |
| (২) | মাঠ ও বাজার পরিদর্শক | ৫৯০০-১৩১২৫ (১২নং গ্রেড) | ০৬ (ছয়) টি |
| (৩) | হিসাবরক্ষক | ৫২০০-১১২৩৫ (১৪নং গ্রেড) | ০৭ (সাত) টি |
| (৪) | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৫৫০০-১২০৯৫ (১৩নং গ্রেড) | ০৭ (সাত) টি |
| (৫) | নিরাপত্তা প্রহরী | ৭৭৫০ (সাকুল্যে)<br>৭৪৫০ (সাকুল্যে)<br>৭২৫০ (সাকুল্যে) | ০৩ (তিন) টি |
| | | **মোটঃ** | **৩০ (ত্রিশ) টি** |

**পুরাতন ২২ (বাইশ)টি জেলা কার্যালয়ের জন্য সৃজনকৃত ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর পদের বিবরণ ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল ও গ্রেড (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | পদ সংখ্যা |
|---|---|---|---|
| (১) | সহকারী কৃষি বিপণন কর্মকর্তা | ৮০০০-১৬৫৪০ (১০নং গ্রেড) | ২২ (বাইশ) টি |
| (২) | মাঠ ও বাজার পরিদর্শক | ৫৯০০-১৩১২৫ (১২নং গ্রেড) | ২২ (বাইশ) টি |
| (৩) | অফিস সহায়ক | ৭৭৫০ (সাকুল্যে) | ২২ (বাইশ) টি |
| | | ৭৪৫০ (সাকুল্যে) | |
| | | ৭২০০ (সাকুল্যে) | |
| (৪) | নিরাপত্তা প্রহরী | ৭৭৫০ (সাকুল্যে) | ২২ (বাইশ) টি |
| | | ৭৪৫০ (সাকুল্যে) | |
| | | ৭২০০ (সাকুল্যে) | |
| | | **মোটঃ** | **৮৮ (আটাশি) টি** |

**৪২ (বিয়াল্লিশ)টি জেলা কার্যালয়ের জন্য সৃজনকৃত ৩য় ও ৪র্থ শ্রেণীর পদের বিবরণ ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল ও গ্রেড (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | পদ সংখ্যা |
|---|---|---|---|
| (১) | মাঠ ও বাজার পরিদর্শক | ৫৯০০-১৩১২৫ (১২নং গ্রেড) | ৪২(বিয়াল্লিশ)টি |
| (২) | অফিস সহায়ক | ৭৭৫০ (সাকুল্যে) | ৪২(বিয়াল্লিশ)টি |
| | | ৭৪৫০ (সাকুল্যে) | |
| | | ৭২০০ (সাকুল্যে) | |
| (৩) | নিরাপত্তা প্রহরী | ৭৭৫০ (সাকুল্যে) | ৪২(বিয়াল্লিশ)টি |
| | | ৭৪৫০ (সাকুল্যে) | |
| | | ৭২০০ (সাকুল্যে) | |
| | | **মোটঃ** | **১২৬ (একশত ছাব্বিশ) টি** |

**১০ (দশ)টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের জন্য সৃজনকৃত ১ম শ্রেণী (নন-ক্যাডার) ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর পদের বিবরণ ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল ও গ্রেড (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | পদ সংখ্যা |
|---|---|---|---|
| (১) | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (নন-ক্যাডার) | ১১০০০-২০৩৭০ (৯নং গ্রেড) | ৯(নয়)টি |
| (২) | সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা | ৮০০০-১৬৫৪০ (১০নং গ্রেড) | ২০ (বিশ)টি |
| (৩) | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪৭০০-৯৭৪৫ (১৬নং গ্রেড) | ১০ (দশ)টি |
| (৪) | কেয়ার টেকার কাম কুক | ৭৯০০ (সাকুল্যে) | ৬(ছয়)টি |
| | | ৭৬০০ (সাকুল্যে) | |
| | | ৭৩৫০ (সাকুল্যে) | |
| (৫) | অফিস সহায়ক | ৭৭৫০ (সাকুল্যে) | ১০(দশ)টি |
| | | ৭৪৫০ (সাকুল্যে) | |
| | | ৭২০০ (সাকুল্যে) | |
| (৬) | নিরাপত্তা প্রহরী | ৭৭৫০ (সাকুল্যে) | ১০(দশ)টি |
| | | ৭৪৫০ (সাকুল্যে) | |
| | | ৭২০০ (সাকুল্যে) | |
| | | **মোটঃ** | **৬৫ (পঁয়ষট্টি)টি** |
| | | **সর্বমোটঃ** | **৩২২ (তিনশত বাইশ)টি** |

**শর্তাবলী ঃ**

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের শর্ত মোতাবেক উপজেলা পর্যায়ে ১৯৪০ টি পদ ০৫(পাঁচ) বছর পর সৃজনের প্রস্তাব প্রেরণ করা হবে;

(খ) ক্যাডার পদ ব্যতীত অন্যান্য পদের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের ৩-৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশ/কপগ-১১/২০০১-১১১ সরকারি আদেশ যথাযথভাবে পালন করতে হবে;

(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের শর্ত মোতাবেক সৃজনে সুপারিশকৃত ৪০০টি পদ পর্যায়ক্রমে প্রতি বছর ৮০টি পদ করে ৫ অর্থবছরে পূরণ করতে হবে;

(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের শর্ত মোতাবেক ৪র্থ শ্রেণীর সকল পদ (কেয়ার টেকার কাম কুক-০৬টি, ম্যাসেঞ্জার-০১টি, অফিস সহায়ক-৭৪টি ও নিরাপত্তা প্রহরী-৭৭টি) অর্থাৎ (০৬+০১+৭৪+৭৭)=১৫৮টি পদ আউট সোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে;

(ঙ) আউট সোর্সিং এর মাধ্যমে সুপারিশকৃত পদগুলো পূরণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১০-০৬-২০০৯ তারিখের অব/অবি/ব্যঃনিঃ৬/ বিবিধ-২/২০০৯-২০০ নং স্মারকের মাধ্যমে প্রণীত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করতে হবে;

(চ) অর্থ মন্ত্রণালয়ের শর্ত মোতাবেক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, "খাদ্য মন্ত্রণালয়ের নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ" "বাণিজ্য মন্ত্রণালয়ের দ্রব্যমূল্য পর্যালোচনা ও পূর্বাভাস সেল" এর সঙ্গে সমন্বয়-এর মাধ্যমে কার্যক্রম পরিচালনা করতে হবে।

২। পদগুলোর যাবতীয় ব্যয় কৃষি বিপণন অধিদপ্তরের কোড নং-৩-৪৩৪৩-০০০০-xxxx হতে বহন করা হবে।

**নং ১২.০০.০০০০.০৭২.৩৫.০০১.১২(অংশ)-৪০৪**—আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫-৫-২০১৪ তারিখের ০৫.০১. ০০১০.১৫৭.২৮.০১৪.১২-১১৩ নম্বর স্মারক এবং অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ-৪ অনুবিভাগের ২৩-৩-২০১৫ তারিখের ০৭.০১৫৪.০২৫.১২.১১.০০১.২০১৪-১২২ নং স্মারক এবং ০৯-৯-২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২১.১৫-২৬৩ নং পত্রে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের প্রেক্ষিতে নিম্নোক্ত কৃষি বিপণন অধিদপ্তরের ৩০৭টি পদ বিলুপ্তির প্রশাসনিক আদেশ জ্ঞাপন করছি ঃ

**সদর দপ্তর/প্রধান কার্যালয় ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | বিলুপ্তযোগ্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | প্রধান (গবেষণা ও উন্নয়ন) | ২৯,০০০-৩৫৬০০ | ০১ টি | ক্যাডার |
| (২) | উপ-প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন) | ২২,২৫০-৩১,২৫০ | ০১ টি | ক্যাডার |

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | বিলুপ্তযোগ্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৩) | সহকারী প্রধান | ১৮,৫০০-২৯,৭০০ | ০৬ টি | ক্যাডার |
| (৪) | গবেষণা কর্মকর্তা | ১১,০০০-২০,৩৭০ | ০৭ টি | ক্যাডার |
| (৫) | গবেষণা কর্মকর্তা | ১১,০০০-২০,৩৭০ | ০১ টি | নন-ক্যাডার |
| (৬) | হাইড-টেকনোলজিষ্ট | ১১,০০০-২০,৩৭০ | ০১ টি | নন-ক্যাডার |
| (৭) | বাজার কর্মকর্তা | ৫,৯০০-১৩,১২৫ | ০১ টি | |
| (৮) | প্রধান সহকারী | ৫,৫০০-১২,০৯৫ | ০১ টি | |
| (৯) | উচ্চমান সহকারী | ৫,২০০-১১,২৩৫ | ০৭ টি | |
| (১০) | বাজার অনুসন্ধানকারী | ৪,৯০০-১০,৪৫০ | ০২ টি | |
| (১১) | ফটোকপি অপারেটর | ৪,৪০০-৮,৫৮০ | ০১ টি | |
| | | **সর্বমোট=** | **২৯ টি** | |

**বিভাগীয় কার্যালয় ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | বিলুপ্তযোগ্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | প্রশাসনিক কর্মকর্তা-কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা | ৮,০০০-১৬,৫৪০ | ০৪ টি | |
| (২) | বাজার কর্মকর্তা | ৫,৯০০-১৩,১২৫ | ০৪ টি | |
| (৩) | উচ্চমান সহকারী | ৪,৯০০-১০,৪৫০ | ০৪ টি | |
| (৪) | মেকানিক | ৪,৭০০-৯,৭৪৫ | ০৪ টি | |
| (৫) | ফটোকপি অপারেটর | ৪,৪০০-৮,৫৮০ | ০৪ টি | |
| | | **সর্বমোট=** | **২০ টি** | |

**পুরাতন ২২টি জেলার কার্যালয় ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | বিলুপ্তযোগ্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | আঞ্চলিক ব্যবস্থাপক | ১৫,০০০-২৬,২০০ | ০১ টি | |
| (২) | মাঠ কর্মকর্তা | ৬,৪০০-১৪,২২৫ | ০৭ টি | |
| (৩) | জেলা বাজার কর্মকর্তা/বাজার কর্মকর্তা | ৫,৯০০-১৩,১২৫ | ২২ টি | |
| (৪) | স্টোরেজ মোটিভেটর | ৫,৫০০-১২,০৯৫ | ০২ টি | |
| (৫) | বাজার অনুন্ধানকারী | ৪,৯০০-১০,৪৫০ | ০২ টি | |
| (৬) | গ্রেডার ইনচার্জ | ৪,৯০০-১০,৪৫০ | ১৭ টি | |
| (৭) | মাঠ জরিপকারী | ৪,৯০০-১০,৪৫০ | ০২ টি | |
| (৮) | সহকারী প্রশিক্ষক | ৪,৯০০-১০,৪৫০ | ০৩ টি | |
| (৯) | হিসাব সহকারী | ৪,৭০০-৯,৭৪৫ | ০১ টি | |
| (১০) | উলপ্রপাগান্ডা অফিসার | ৪,৭০০-৯,৭৪৫ | ০৪ টি | |
| (১১) | এক্সপার্ট কিউরার | ৪,৭০০-৯,৭৪৫ | ০৫ টি | |
| (১২) | ফ্লেয়ার | ৪,৪০০-৮,৫৮০ | ১৫ টি | |
| (১৩) | এক্সপার্ট শিয়ারার | ৪,৪০০-৮,৫৮০ | ০৪ টি | |
| (১৪) | গ্রেডার রেকর্ডার | ৪,২৫০-৮,১৪০ | ০২ টি | |
| (১৫) | প্রধান ডিম পরীক্ষক | ৪,২৫০-৮,১৪০ | ০৫ টি | |
| (১৬) | ডিম পরীক্ষক | ৪,১০০-৭,৭৪০ | ২৩ টি | |
| (১৭) | শিয়ারিং এ্যাটেনডেন্ট | ৪,১০০-৭,৭৪০ | ০৪ টি | |
| (১৮) | বুচার | ৪,১০০-৭,৭৪০ | ১৬ টি | |
| | | **সর্বমোট=** | **১৩২টি** | |

**৪২টি জেলার কার্যালয় ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | বিলুপ্তযোগ্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | আঞ্চলিক ব্যবস্থাপক | ১৫,০০০-২৬,২০০ | ০২ টি | |
| (২) | মাঠ কর্মকর্তা | ৬,৪০০-১৪,২২৫ | ০৯ টি | |
| (৩) | জেলা বাজার কর্মকর্তা/বাজার কর্মকর্তা | ৫,৯০০-১৩,১২৫ | ১৩ টি | |
| (৪) | স্টোরেজ মোটিভেটর | ৫,৫০০-১২,০৯৫ | ০২ টি | |
| (৫) | বাজার অনুন্ধানকারী | ৪,৯০০-১০,৪৫০ | ৩৪ টি | |
| (৬) | গ্রেডার ইনচার্জ | ৪,৯০০-১০,৪৫০ | ০৫ টি | |
| (৭) | মাঠ জরিপকারী | ৪,৯০০-১০,৪৫০ | ০২ টি | |
| (৮) | হিসাব সহকারী | ৪,৭০০-৯,৭৪৫ | ০২ টি | |
| (৯) | এক্সপার্ট কিউরার | ৪,৭০০-৯,৭৪৫ | ১৫ টি | |
| (১০) | ফ্লেয়ার | ৪,৪০০-৮,৫৮০ | ২৫ টি | |
| (১১) | গ্রেডার রেকর্ডার | ৪,৪০০-৮,৫৮০ | ০২ টি | |
| (১২) | ডিম পরীক্ষক | ৪,১০০-৭,৭৪০ | ০৫ টি | |
| | | **সর্বমোট=** | **১১৬টি** | |

**১০টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | বিলুপ্তযোগ্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | প্রশিক্ষক | ৮,০০০-১৬,৫৪০ | ০৩ টি | |
| (২) | সহকারী প্রশিক্ষক | ৪,৯০০-১০,৪৫০ | ০৩ টি | |
| | | **সর্বমোট=** | **০৬টি** | |

**উপজেলা কার্যালয় ঃ**

| ক্রমিক নং | পদের নাম | নির্ধারণকৃত বেতন স্কেল (জাঃবেঃস্কেলঃ ২০০৯) | বিলুপ্তযোগ্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বাজার অনুসন্ধানকারী | ৪,৯০০-১০,৪৫০ | ০৪ টি | |
| | | **সর্বমোট=** | **০৪টি** | |

**শর্তাবলী ঃ**

(ক) বিলুপ্তকৃত পদসমূহের জনবল কর্মরত থাকলে তাদেরকে সমস্কেলের পদে সমন্বয় করতে হবে; সমন্বয় করা না গেলে পদধারীগণের পদোন্নতি, অবসর বা মৃত্যুজনিত কারণে পদ শূন্য হওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে পদ বিলুপ্তি হবে।

(খ) বিলুপ্তকৃত প্রধান (গবেষণা ও উন্নয়ন) পদে কর্মরত কর্মকর্তার চাকুরীর মেয়াদ সমাপ্তির পর পদটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে।

**মোসাম্মৎ মোস্তারী খানম**
সিনিয়র সহকারী সচিব।

**তথ্য মন্ত্রণালয়**

**আইন ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ আশ্বিন ১৪২২/১৫ অক্টোবর ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.১৪-২৫৯**—যেহেতু জনাব মোঃ হেলালুল আলম, রক্ষণ প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র (বর্তমানে-রাঙ্গামাটি উপকেন্দ্রে সংযুক্ত) এর বিরুদ্ধে ৮৮ মিটার কপার ফিডার ক্যাবল কর্তৃপক্ষের অনুমতি ছাড়া বিক্রয় করে বিক্রয়লব্দ অর্থ সরকারি কোষাগারে জমা না দেয়ার অভিযোগে অসদাচরণের (Misconduct) ও দুর্নীতির (Corruption) দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিমতে তথ্য মন্ত্রণালয়ের ১৭-১১-২০১৪ তারিখের ১৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.১৪-২৫২ স্মারকমূলে বিভাগীয় মামলা নং ৪/২০১৪ রুজু করতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু তিনি ৮-১২-২০১৪ তারিখে জবাব দাখিল করেন এবং তার অভিপ্রায় অনুযায়ী ২১-১-২০১৫ তারিখ ১২.০০ টায় ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। অত:পর তথ্য মন্ত্রণালয়ের ০১-০২-২০১৫ তারিখের অফিস আদেশ নং ১৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.১৪.৩১ মূলে তথ্য মন্ত্রণালয়ের উপসচিব জনাব মো: রবিউল ইসলাম- কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তিনি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় তথ্য মন্ত্রণালয়ের ২৭-৫-২০১৫ তারিখের স্মারক নং ১৫.০০.০০০০.০২৮.২৭.০০৪. ১৪.১৩৬ মূলে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তিনি ১১-৬-২০১৫ তারিখে উক্ত ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন। তার জবাব সন্তোষজনক নয়;

যেহেতু, জনাব মোঃ হেলালুল আলম, রক্ষণ প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র (বর্তমানে-রাঙ্গামাটি উপকেন্দ্রে সংযুক্ত)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, অভিযোগের জবাব, ব্যক্তিগত শুনানী, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে এটাই তার বিরুদ্ধে আনীত ১ম অভিযোগ এবং তিনি আগামী ০১-০১-২০১৬ তারিখ থেকে অবসর উত্তর ছুটিতে গমন করবেন বিধায় এ সকল মানবিক দিক বিবেচনায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধির অভিযোগে দোষী সাব্যস্থ করে একই বিধিমালার ৪(২)(ডি) বিধি মোতাবেক তার পেনশন হতে ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা আদায় করার লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

---

**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৪ কার্তিক ১৪২২/১৯ অক্টোবর ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২৭.২৩.০১৯.১৫.৬৫৭**—২০১৪ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের উদ্দেশ্যে নীতিমালা অনুযায়ী ২০১৪ সালের মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রগুলো মূল্যায়ন করে পুরস্কার প্রাপকদের নাম সুপারিশ করার জন্য তথ্য মন্ত্রণালয়ের ১৩-৯-২০১৫ তারিখের ১৫.০০.০০০০.০২৭.২৩.০১৯.১৫-৫৮৮ নং প্রজ্ঞাপন আংশিক সংশোধনপূর্বক নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে জুরি বোর্ড পূনর্গঠন করা হলো :

**সভাপতি**

(১) জনাব এস. এম. হারুন-অর-রশীদ, অতিরিক্ত সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট এবং মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।

(৩) অধ্যাপক, ড. শফিউল আলম ভূঁইয়া, চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৪) জনাব মোরশেদুল ইসলাম, চলচ্চিত্র পরিচালক, এপার্টমেন্ট ৩/ডি, বাড়ী নং-৪৫, রোড নং ৪/এ, ধানমন্ডি, ঢাকা।

(৫) জনাব এম এ আলমগীর, অভিনেতা, ড্রীম, ২/৪, ব্লক-এ, মোহাম্মদপুর হাউজিং, মিরপুর রোড, ঢাকা।

(৬) মিজ সুবর্ণা মুস্তফা, অভিনেত্রী, হাউজ নং ৩, রোড নং ৩/এ, ফ্লাট নং ১ ও ২, সেক্টর ৫, উত্তরা, ঢাকা।

(৭) জনাব সুজেয় শ্যাম, সঙ্গীত পরিচালক, আশু (৩য় তলা), ৬৪ ব্লক-এ, লেন-৬, মিরপুর, পল্লবি-১২, ঢাকা।

(৮) মিজ শাম্মী আখতার, সংগীত শিল্পী, ১৪, চামেলীবাগ, শান্তিনগর, লতিফ প্যারাডাইস, ঢাকা।

(৯) জনাব মহিউদ্দিন ফারুক, চলচ্চিত্র নির্মাতা, শিল্প নির্দেশক, চেয়ারম্যান মিডিয়া এন্ড ফিল্ম, স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি, সিদ্ধেশ্বরী, ঢাকা।

(১০) জনাব চিন্ময় মুৎসুদ্দি, চলচ্চিত্র সাংবাদিক ও গবেষক, আর্কেডিয়া, গ্রোব, বাড়ি-৬, রোড-১৫ (নতুন), ২৮ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা।

(১১) জনাব মাকসুদুল বারী, চিত্রগ্রাহক, ২০০/এ, তিলপাপাড়া, ৪র্থ তলা, খিলগাঁও, ঢাকা।

(১২) জনাব মজিবুর রহমান দুলু, চিত্র সম্পাদক, ২৪/ক, আশতখানা লেন, লালবাগ, ঢাকা।

**সদস্য-সচিব**

(১৩) ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড।

২। তথ্য মন্ত্রণালয়ের ১৩-৯-২০১৫ তারিখের ১৫.০০.০০০০. ০২৭.২৩.০১৯.১৫-৫৮৮ নং প্রজ্ঞাপনে উল্লিখিত জুরি বোর্ডের কার্যপরিধি, ক্ষেত্রসমূহ ও শর্ত অপরিবর্তিত থাকবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং তম/চলচ্চিত্র-৪/২০০৯/৬৫৮**—বাংলাদেশ ফিল্ম সেন্সর আপীল কমিটি পূনর্গঠন সংক্রান্ত অত্র মন্ত্রণালয়ের ২ নভেম্বর ২০১৪ তারিখের তম/চলচ্চিত্র-৪/২০০৯/৬০১ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সেন্সরশীপ অব ফিল্মস্ রুলস্ ১৯৭৭ এর ১৯ নম্বর বিধির ২ নম্বর উপ বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্তভাবে ফিল্ম সেন্সর আপীল কমিটি পুনর্গঠন করলেন :

**সভাপতি**

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

**সদস্য**

(২) কাজী রোজি, মাননীয় সংসদ সদস্য, ৩৪১ মহিলা আসন-৪১।

**আহ্বায়ক**

(৩) সচিব, তথ্য মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড।

**সদস্যবৃন্দ**

(৪) মিজ সারাহ বেগম কবরী, চলচ্চিত্র ব্যক্তিত্ব।

(৫) ড. গোলাম রহমান, অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৬) জনাব গোলাম সারোয়ার, সম্পাদক, দৈনিক সমকাল।

**সদস্য-সচিব**

(৭) ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি,এন. নজমুল হোসেন খান**
উপসচিব।

---

**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ কার্তিক ১৪২২/১৯ অক্টোবর ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২৪.১৮.০০৭.১৪-৮৪২**—'কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০১০' এর আওতায় মাল্টিপল সিস্টেম অপারেটর (এমএসও) লাইসেন্স প্রদান সংক্রান্ত একটি নতুন নীতিমালার খসড়া প্রণয়নের নিমিত্ত নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হল ঃ

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর একজন প্রতিনিধি।

(৩) যুগ্ম-সচিব (টিভি), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৪) বাংলাদেশ টেলিভিশনের প্রকৌশল বিভাগের একজন প্রতিনিধি।

(৫) বাংলাদেশ বেতারের প্রকৌশল বিভাগের একজন প্রতিনিধি।

(৬) এসোসিয়েশন অব টিভি চ্যানেল ওনার্স (এটকো) এর একজন প্রতিনিধি।

(৭) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর একজন প্রতিনিধি।

(৮) বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিঃ (বিটিসিএল) এর একজন প্রতিনিধি।

(৯) আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এর একজন প্রতিনিধি।

(১০) বাংলাদেশ এনজিও নেটওয়ার্ক ফর রেডিও এন্ড কমিউনিকেশন (বিএনএনআরসি) এর একজন প্রতিনিধি।

(১১) কেবল অপারেটরস এসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব) এর একজন প্রতিনিধি।

(১২) বাংলাদেশ স্যাটেলাইট কেবল নেটওয়ার্ক ওনার্স এসোসিয়েশন এর একজন প্রতিনিধি।

(১৩) ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি।

(১৪) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি।

(১৫) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(১৬) বিটিভির জ্যেষ্ঠতম অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) কমিটি মাল্টিপল সিস্টেম অপারেটর (এমএসও) লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সম্ভাব্য প্রতিক্রিয়া (Impact) পর্যালোচনা এবং এতদসংক্রান্ত বিষয়ে একটি নীতিমালার খসড়া প্রণয়ন করবে।

(খ) নতুন নীতিমালা কার্যকর করতে 'কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন-২০০৬' এবং 'কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০১০' তে কোন সংশোধনী আনা প্রয়োজন হবে কিনা সে বিষয়ে সুপারিশ এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনীর খসড়া প্রণয়ন করবে।

(গ) কমিটি আগামী ১৫ (পনের) দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আখতারুজ্জামান তালুকদার**
সিনিয়র সহকারী সচিব।

**পরিকল্পনা মন্ত্রণালয়**
**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**প্রশাসন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ অক্টোবর ২০১৫

**নং ৫২.০০৬.০২৬.০০.০০.১৪৩.২০১৪-৭০৭**—পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর টিও এন্ড ই-কে ০১ (এক) টি জিপ গাড়ি অন্তর্ভুক্ত করা হলো।

২। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রাহ অনুমোদন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২-৩-২০১৫ তারিখের স্মারক নং ০৫.১৫৩.০১৫. ০৫.০০.০৪০.২০০২(অংশ-২)-৮২ এবং অর্থ বিভাগের ১৪-৫-২০১৫ তারিখের স্মারক নং অম/অবি/ব্যঃনিঃ-৮/পতব্যবি-৮/২০১৫-৪৫ এর মাধ্যমে প্রদত্ত সম্মতি মোতাবেক এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল ওয়াদুদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**পরিকল্পনা কমিশন**
**সাধারণ অর্থনীতি বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ কার্তিক ১৪২২/১৮ অক্টোবর ২০১৫

**নং ২০.০১.০০০০.০২০.২২.০৩০.১৫-২৩৫**—সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা দলিলে অত্যাবশ্যকীয় কোন সংশোধন, যদি প্রয়োজন মনে হয় তা সম্পাদনার জন্য নিম্নরূপ দু'টি কমিটি গঠন করা হলো :

**ক) সম্পাদকীয় উপদেষ্টা পরিষদ :**

**সভাপতি**

(১) জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি, মাননীয় পরিকল্পনা মন্ত্রী।

**সদস্যবৃন্দ**

(২) জনাব এইচ টি ইমাম, মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা।

(৩) ড. মসিউর রহমান, মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা।

**সম্পাদকীয় উপদেষ্টা পরিষদ-এর কার্যপরিধি :**

(১) সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা খসড়া দলিলে অত্যাবশ্যকীয় কোন বিষয়ে সংশোধনী থাকলে সে বিষয়ে সম্পাদকীয় কমিটি-কে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা ও সুপারিশ প্রদান করা;

(২) সম্পাদকীয় কমিটি'র Finding যা বিবেচনাযোগ্য বলে প্রতীয়মান হবে তা গ্রহণ করে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা খসড়া দলিলে অন্তর্ভুক্ত করা।

**খ) সম্পাদকীয় কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

**সভাপতি**

(১) জনাব তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীরবিক্রম, মাননীয় প্রধানমন্ত্রীর জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা।

**সদস্যবৃন্দ**

(২) জনাব আমিনুল ইসলাম ভুইয়া, সাবেক সচিব।

(৩) জনাব বিজয় ভট্টাচার্য্য, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

(৪) ড. সাদিক আহমেদ, অর্থনীতিবিদ ও ভাইস চেয়ারম্যান, পলিসি রিসার্চ ইন্সটিটিউট (পিআরআই)।

(৫) ড. বিনায়ক সেন, গবেষণা পরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)।

(৬) জনাব বিরূপাক্ষ পাল, প্রধান অর্থনীতিবিদ, বাংলাদেশ ব্যাংক।

**সদস্য-সচিব**

(৭) ড. শামসুল আলম, সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।

**সম্পাদকীয় কমিটি-এর কার্যপরিধি :**

সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা খসড়া দলিলে অত্যাবশ্যকীয় কোন বিষয়ে সংশোধনী প্রয়োজন বোধ করলে তা বিবেচনায় নিয়ে উপরে বর্ণিত 'সম্পাদকীয় উপদেষ্টা পরিষদ'-এর নিকট উপস্থাপন করা।

২। সম্পাদকীয় উপদেষ্টা পরিষদ এবং সম্পাদকীয় কমিটি'র কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনার্থে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ-এর দারিদ্র বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী**
সিনিয়র সহকারী প্রধান।

---

**নৌ-পরিবহন মন্ত্রণালয়**
**পায়রা বন্দর শাখা**

**আদেশ**

তারিখ, ২১ সেপ্টেম্বর ২০১৫

**নং ১৮.০০.০০০০.০৩৪.২৮.০০১.১৫-১১১**—আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ০৫.১৫৮.০১৫.০৩.০০.০১৯. ২০১৪-১৯৪, তারিখঃ ২৭-৫-২০১৫ ইং, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের পত্র নং ০৭.০০.০০০০.১২৬.১৫.০০৪.১৫-১২৯, তারিখঃ ১১-৬-২০১৫ইং এর

সম্মতিক্রমে এবং মাননীয় প্রধানমন্ত্রীর ২২-৭-২০১৫ তারিখের সানুগ্রহ অনুমোদনের আলোকে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন পায়রা বন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো (Table of organization and equipment)-তে নিম্নবর্ণিত যানবাহন ও অফিস সরঞ্জামাদি অন্তর্ভূক্তকরণের নিমিত্ত সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো :

**যানবাহন ঃ**

| ক্রমিক নং | যানবাহনের নাম | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মতিকৃত যানবাহনের সংখ্যা | অর্থ মন্ত্রণালয় কর্তৃক সম্মতিকৃত যানবাহনের সংখ্যা |
|---|---|---|---|
| (১) | জীপ | ০১ (এক) টি | ০১ (এক) টি |
| (২) | কার | ১০ (দশ) টি | ১০ (দশ) টি |
| (৩) | পিকআপ ভ্যান | ০২ (দুই) টি | ০২ (দুই) টি |
| (৪) | মাইক্রোবাস | ০২ (দুই) টি | ০২ (দুই) টি |
| (৫) | ট্রাক (ছোট) | ০২ (দুই) টি | ০২ (দুই) টি |
| (৬) | বাস | ০৪ (চার) টি | ০৪ (চার) টি |
| (৭) | মোটর সাইকেল | ১৫ (পনের) টি | ১৫ (পনের) টি |
| (৮) | টাগ বোট | ০২ (দুই) টি (প্রকল্পের আওতায় ক্রয় করা হবে ০১) টি | ০২ (দুই) টি (প্রকল্পের আওতায় ক্রয় করা হবে ০১) টি |
| (৯) | ওয়াটারসাপ্লাই ভেসেল | ০১ (এক) টি | ০১ (এক) টি |
| (১০) | হাই স্পিড বোট | ০১ (এক) টি | ০১ (এক) টি |
| (১১) | টহল বোট | ০১ (এক) টি | ০১ (এক) টি |

**অফিস সরঞ্জামাদি ও যন্ত্রপাতিসমূহ :**

| ক্রমিক নং | অফিস সরঞ্জামাদি ও যন্ত্রপাতিসমূহের নাম | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মতিকৃত যানবাহনের সংখ্যা | অর্থ মন্ত্রণালয় কর্তৃক সম্মতিকৃত যানবাহনের সংখ্যা |
|---|---|---|---|
| (১) | ল্যাপটপ | ০৪ (চার) টি | ০৪ (চার) টি |
| (২) | কম্পিউটার | ৫০ (পঞ্চাশ) টি | ৫০ (পঞ্চাশ) টি |
| (৩) | ফটোকপি মেশিন | ১০ (দশ) টি | ১০ (দশ) টি |
| (৪) | সার্ভে যন্ত্রপাতি (থিওডো লাইট, লেভেল মেশিন, টোটাল স্টেশন, চেইন ও স্ট্যাফ) | ০৫ (পাঁচ) টি | ০৫ (পাঁচ) টি |
| (৫) | প্লোটার | ০১ (এক) সেট | ০১ (এক) সেট |
| (৬) | হাইড্রোগ্রাফীক যন্ত্রপাতি ঃ Tide Gauge, Echo Sounder, Oceanograghic Software, Sonar, Side Scan Sonar, DGPS Receiver, DGPS Base Station. Wind Speed Meter, Weather Meter, Under Water Camera, Magnetometer, Under Water Torch, River bed sub profiler. | ০২ (দুই) সেট | ০২ (দুই) সেট |
| (৭) | কজওয়েসহ মালামাল আনলোডিং এর জন্য পন্টুন | ০১ (এক) টি | ০১ (এক) টি |
| (৮) | জাহাজ ভিড়ানোর বড় পন্টুন | ০২ (দুই) টি | ০২ (দুই) টি |
| (৯) | সার্ভিস পন্টুন | ০৩ (তিন) টি | ০৩ (তিন) টি |
| (১০) | ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট (যাবতীয় যন্ত্রপাতিসহ) | ০১ (এক) টি | ০১ (এক) টি |
| (১১) | ডিজেল জেনারেটর | ০২ (দুই) টি | ০২ (দুই) টি |

| ক্রমিক নং | অফিস সরঞ্জামাদি ও যন্ত্রপাতিসমূহের নাম | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মতিকৃত যানবাহনের সংখ্যা | অর্থ মন্ত্রণালয় কর্তৃক সম্মতিকৃত যানবাহনের সংখ্যা |
|---|---|---|---|
| (১২) | ক্রেন | ০২ (দুই) টি | ০২ (দুই) টি |
| (১৩) | চ্যানেল বয়া | ৬০ (ষাট) টি | ৬০ (ষাট) টি |
| (১৪) | মুরিং বয়া | ০৫ (পাঁচ) টি | ০৫ (পাঁচ) টি |
| (১৫) | রিভার বয়া | ৩০ (ত্রিশ) টি | ৩০ (ত্রিশ) টি |
| (১৬) | কাদিঘর (যাবতীয় যন্ত্রপাতিসহ) | ০১ (এক) টি | ০১ (এক) টি |
| (১৭) | ভিএইচএফ স্টেশন (যাবতীয় যন্ত্রপাতিসহ) | ০১ (এক) টি | ০১ (এক) টি |
| (১৮) | ইলেকট্রিক্যাল সাব-স্টেশন (1000KVA) | ০১ (এক) টি | ০১ (এক) টি |
| (১৯) | মেরিন ওয়ার্কসপ (প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ) | ০১ (এক) টি | ০১ (এক) টি |
| (২০) | ইলেকট্রিক্যাল ওয়ার্কসহ (প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ) | ০১ (এক) টি | ০১ (এক) টি |
| (২১) | রিভার ট্রানজিট মার্ক | ২৫ (পঁচিশ) টি | ২৫ (পঁচিশ) টি |
| (২২) | লিডিং লাইট | ০৫ (পাঁচ) টি | ০৫ (পাঁচ) টি |
| (২৩) | বিয়ারিং পয়েন্ট | ০৫ (পাঁচ) টি | ০৫ (পাঁচ) টি |
| (২৪) | নেভিগেশনাল রেকন | ০৪ (চার) টি | ০৪ (চার) টি |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ অক্টোবর ২০১৫

নং ৩৫.০২২.০১৫.০০.০০.৬৬.২০১০-৮২১—জনাব মোঃ মোকাদ্দেসুল হক (৬০২১৯৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ),প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণ জনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকরি থেকে ২৫-১০-২০১৫ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ কার্তিক ১৪২২/২৬ অক্টোবর ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৫.১৫-৩৩৯**—যেহেতু, জনাব জি, এম, শরীফুল রনী (পরিচিতি নম্বর ৬০২১৫১), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা গত ১৯-১০-২০১৪ তারিখ হতে তাঁর তৎকালীন কর্মস্থল উপ-বিভাগীয় প্রকৌশলী, চকোরিয়া সড়ক উপ-বিভাগ, কক্সবাজার হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ২৭-১০-২০১৪ তারিখ ২৫০৬ সংখ্যক স্মারকে নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, কক্সবাজার ৩ (তিন) কার্যদিবসের মধ্যে কর্মস্থলে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন। কিন্তু তিনি কর্মস্থলে যোগদান করেননি এবং পত্রের কোন জবাবও প্রদান করেননি। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর তাঁর অনুপস্থিতির বিষয়টি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে লিখিতভাবে অবহিত করেন। এ প্রেক্ষপটে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১৫-০২-২০১৫ তারিখের ৩৫.০০.০০০০.০২২. ১৫.০৬৬.১৪-১৫৬ সংখ্যক স্মারকমূলে তাঁকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নম্বর ১৭/২০১৫ রুজু করা হয়;

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তি গত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। তাঁর নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটিতে তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব, সড়ত পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ১৬-০৬-২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন ও অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ২৪-০৬-২০১৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবও পাওয়া যায়নি। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব জি, এম, শরীফুল রনী (পরিচিতি নম্বর ৬০২১৫১), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেন;

যেহেতু জনাব জি, এম, শরীফুল রনী (পরিচিতি নম্বর ৬০২১৫১), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, এক্ষণে জনাব জি, এম, শরীফুল রনী (পরিচিতি নম্বর ৬০২১৫১), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ১৯-১০-২০১৪ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অভিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

## প্রশাসন শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ অক্টোবর ২০১৫/০৬ কার্তিক ১৪২২

নং **৩৫.০০.০০০০.০০৮.৩২.০৫৮.৮৪-১২৪০**—যেহেতু, জনাব দিলিপ কুমার সরকার, প্রশাসনিক কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের রক্ষণাবেক্ষণ অধিশাখার প্রশাসনিক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন; এবং

যেহেতু, রক্ষণাবেক্ষণ অধিশাখার প্রশাসনিক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড আইন, ২০১৩ এর প্রাতিষ্ঠানিক কোড বরাদ্দ সংক্রান্ত এ বিভাগের বাজেট শাখার ২০-১০-২০১৪ তারিখের ৩৫.০০.০০০০.০৪৭.২০.০০৪.১৩-১৩৭ নম্বর স্মারকে প্রাপ্ত সভার কার্যবিবরণী গত ২৭-০৭-২০১৫ তারিখে অর্থাৎ দীর্ঘ প্রায় ০৯ (নয়) মাস পর উপস্থাপন করে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা করেন। তাঁর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে অভিযোগনামা প্রণয়ন করে বিভাগীয় মামলা (নম্বর ০২/২০১৫) রুজু করা হয়; এবং

যেহেতু, একই বিধিমালার ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে তা অভিযোগনামার প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। অভিযোগনামার প্রাপ্তির পর অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে তিনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করেন; এবং

যেহেতু, লিখিত বক্তব্য ও ব্যক্তিগত শুনানীকালে তাঁর প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করে দেখা যায় সংঘটিত ভুলের পেছনে উক্ত কর্মকর্তার অসৎ কোন উদ্দেশ্য পরিলক্ষিত হয়নি। তবে সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড আইন, ২০১৩ এর প্রাতিষ্ঠানিক কোড বরাদ্দ সংক্রান্ত প্রাপ্ত সভার কার্যবিবরণী উপস্থাপনের বিষয়ে আরো সতর্ক থাকা উচিত ছিল। তিনি এ অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন; এবং

সেহেতু, এক্ষণে, জনাব দিলিপ কুমার সরকার, প্রশাসনিক কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর ব্যক্তিগত শুনানী এবং লিখিত বক্তব্য ইত্যাদি সার্বিক বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) বিধি অনুযায়ী তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা থেকে তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাঙ্গীর আলম** এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন)।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**অধিশাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ কার্তিক ১৪২২/২৫ অক্টোবর ২০১৫

**নং সবিম/শাঃ৩/কপি-৩৭/২০০৮(অংশ-১)/৪২১**—কপিরাইট আইন, ২০০০ (২০০৫ সালে সংশোধিত) এর আওতায় মেধাস্বত্ব তথা সাহিত্যকর্ম, নাট্যকর্ম, সংগীতকর্ম, শিল্পকর্ম, চলচ্চিত্র (ফিল্ম), শব্দ রেকর্ডিং, সম্প্রচার প্রোগ্রাম, কম্পিউটার প্রোগ্রাম ইত্যাদি সৃজনশীল কর্মের কপিরাইট লঙ্ঘন এবং পাইরেসির মাধ্যমে অডিও ভিডিও ক্যাসেট, সিডি, ভিসিডি, ডিভিডি, সফটওয়্যার ইত্যাদি প্রস্তুত ও বিক্রি বন্ধকল্পে সরকার নিম্নরূপভাবে কপিরাইট টাস্কফোর্স পুনর্গঠন করল :

**আহ্বায়ক**

(১) যুগ্মসচিব (সংশ্লিষ্ট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব (সংশ্লিষ্ট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

(৩) প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৪) প্রতিনিধি, মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ

(৫) প্রতিনিধি, র‌্যাব ফোর্সেস হেডকোয়ার্টার

(৬) প্রতিনিধি, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

(৭) প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(৮) প্রতিনিধি, বাংলাদেশ রাইটার্স ক্লাব

(৯) প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার সমিতি

(১০) প্রতিনিধি, এলসিএস গিল্ড, বাংলাদেশ

(১১) প্রতিনিধি, বাংলাদেশ মিউজিক ইন্ডাস্ট্রিজ ওনার্স এসোসিয়েশন

(১২) প্রতিনিধি, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক পরিবেশক সমিতি

(১৩) প্রতিনিধি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি

(১৪) প্রতিনিধি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি

(১৫) প্রতিনিধি, বাংলাদেশ কপিরাইট এন্ড আইপি ফোরাম

**সদস্য-সচিব**

(১৬) রেজিস্টার অব কপিরাইট, কপিরাইট অফিস

২। টাস্কফোর্সেস কার্যক্রমের পরিধি (TOR) হবে নিম্নরূপ :

(ক) কপিরাইট আইনের আওতায় মেধাসত্ব তথা সাহিত্যকর্ম, নাট্যকর্ম, সংগীতকর্ম, শিল্পকর্ম, চলচ্চিত্র (ফিল্ম), শব্দ রেকর্ডিং, সম্প্রচার প্রোগ্রাম, কম্পিউটার প্রোগ্রাম ইত্যাদি সৃজনশীল কর্মের কপিরাইট লঙ্ঘন, পাইরেসির মাধ্যমে প্রস্তুত, বিক্রি, বিতরণ ও সংরক্ষণের স্থানে অভিযান (অপারেশন) চালিয়ে পাইরেটেড অডিও ভিডিও ক্যাসেট, সিডি, ভিসিডি, ডিভিডি, সফটওয়্যার ও এর প্লেট জব্দ করা এবং প্রস্তুত ও বিক্রির সাথে জড়িত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে আইনের আওতায় সোপর্দ করা;

(খ) টাস্কফোর্স সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার লক্ষ্যে যে কোন কর্মকর্তা/ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে এবং অন্য কোন আইন প্রয়োগকারী সংস্থা বা সরকারি অফিস বা বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সহায়তা গ্রহণ করতে পারবে;

(গ) টাস্কফোর্সের অধিক্ষেত্র হবে সমগ্র বাংলাদেশ।

৩। ২১ মে ২০১৪ তারিখের সবিম/শাঃ৩/কপি-৩৭/২০০৮ (অংশ-১)/১৭২ সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত টাস্কফোর্সের কার্যক্রম অব্যাহত থাকবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুনীরা সুলতানা**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ অক্টোবর ২০১৫

**নং ৪৬.০৪৫.২৭.০৮.৬৭.০৬৭.২০১৫-১০৫৫**—যেহেতু, হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব ইকবাল বাহার খান এর বিরুদ্ধে মামলা নং ২৪, তারিখ: ২২-১-২০১৫ ধারাঃ ১৯৭৪ সনের বিশেষ ক্ষমতা আইনের ১৫(ক) এবং মামলা নং ২৮ তারিখ: ২৫-১-২০১৫ ধারাঃ ১৯৭৪ সনের বিশেষ ক্ষমতা আইনের ১৫ (ক) যথাক্রমে ৬-৯-২০১৫ এবং ৯-৯-২০১৫ তারিখ মামলা দুটির অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, তাঁর দ্বারা উপজেলা পরিষদের চেয়ারম্যান-এর ক্ষমতা প্রয়োগ উপজেলা পরিষদের জন্য স্বার্থহানিকর এবং প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

সেহেতে, সরকার তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এ অবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩খ ধারার (১) উপধারা অনুযায়ী হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব ইকবাল বাহার খানকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

**লুৎফুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১১ জানুয়ারি ২০১৬

**নং ০৩.৭৫৯.০১৪.৩১.০০.০৩৫.২০১৫-৬০**—গাজীপুর জেলার গাজীপুর সদর উপজেলা ভূমি অফিসাধীন বাঘিয়া ও মিরপুর মৌজায় এবং কালিয়াকৈর উপজেলার কৌচাকুড়ি মৌজায় 'বে' ইকোনমিক জোন নামে বেসরকারি ইকোনমিক জোন স্থাপনের অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য জনাব জিয়াউর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, প্রস্তাবিত 'বে' ইকোনমিক জোন, কোনাবাড়ি, গাজীপুর, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর বরাবর আবেদন করেছেন। নিম্নবর্ণিত তফসিলভুক্ত তাদের মালিকানাধীন জমির পরিমাণ ৪০.০০৭৭ একর। জমির ম্যাপ ও সম্পত্তি নিবন্ধনের বিবরণ বেজার কার্যালয়ে পাওয়া যাবে। আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ এর অনুচ্ছেদ ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত স্থানে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হলে তদ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন কোন ব্যক্তি এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২১ (একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৫), ১২-কাওরান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা হবে; মাস্টার প্ল্যান প্রণয়নের মাধ্যমে পরিকল্পিতভাবে বিভিন্ন শিল্প কারখানা গড়ে তোলা হবে এবং সিটি কর্পোরেশনের আওতাভুক্ত জমিতে IT ইন্ডাস্ট্রি স্থাপন করা হবে। এতদ্ব্যতীত এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (ETP) স্থাপন করা হবে এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও অগ্নি নির্বাপন ব্যবস্থা গড়ে তোলা হবে।

**জমির তফসিল**

**জেলাঃ গাজীপুর, উপজেলাঃ কালিয়াকৈর, মৌজাঃ কৌচাকুড়ি, জে. এল. নং- আর, এস ১৬২।**

আর, এস খতিয়ান নম্বর-

৭৬, ৭৯, ১৪৪, ৩০৭, ৩৪৯, ৩৫৮, ৩৭৩, ৪৭২, ৫১৭, ৫২৭, ৫৪৩, ৫৫০, ৫৮০, ৬০৯, ৬১০, ৬১১, ৬৮৯, ৭৬৬, ৭৭০, ৭৭১, ৭৭২, ৭৭৩, ৮৩৪, ৮৪০, ৯৪৪, ৯৫৫, ৯৫৬, ১০০৮, ১০৩৮, ১০৫৮।

আর, এস দাগ নম্বর-

৩৫৯৪, ৩৫৯৫, ৩৬০৪, ৩৬০৫, ৩৬০৬, ৩৬০৭, ৩৬০৮, ৩৬০৯, ৩৬১০, ৩৬১১, ৩৬১২(অংশ), ৩৬১৩, ৩৬১৪, ৩৬১৫, ৩৬১৬, ৩৬১৭, ৩৬১৮, ৩৬১৯, ৩৬২০(অংশ), ৩৬২২(অংশ), ৩৬৩০, ৩৬৩১(অংশ), ৩৬৩২(অংশ), ৩৬৩৪, ৩৬৩৫, ৩৬৩৬, ৩৬৩৭, ৩৬৩৮, ৩৬৩৯, ৩৬৪০, ৩৬৪২, ৩৬৪৪, ৩৬৪৫, ৩৬৪৬, ৩৬৪৭, ৩৬৪৮, ৩৬৪৯, ৩৬৫০, ৩৬৫১, ৩৬৫২, ৩৬৫৩, ৩৬৫৪, ৩৬৫৫, ৩৬৬২(অংশ), ৩৬৬৩(অংশ), ৩৬৬৫(অংশ), ৩৬৬৬(অংশ), ৩৬৬৭(অংশ), ৩৬৬৮(অংশ), ৩৬৬৯, ৩৬৭১, ৩৬৭২, ৩৬৭৩(অংশ) **মোট জমির পরিমাপ** ৩৭.৭৬৭১ একর।

**সিটি কর্পোরেশনের আওতাভুক্ত জমির তফসিল**

**জেলাঃ গাজীপুর, গাজীপুর সদর উপজেলা ভূমি অফিসাধীন মৌজা-বাঘিয়া।**

আর, এস খতিয়ান নম্বর-১৫১, ২৮৮।

আর, এস দাগ নম্বর-৪৮০(অংশ),৪৮১(অংশ), ৪৮২(অংশ), মোট জমির পরিমাপ ১.৬৪৮১ একর।

**জেলাঃ গাজীপুর, গাজীপুর সদর উপজেলা ভূমি অফিসাধীন মৌজা-মিরপুর।**

আর, এস খতিয়ান নম্বর-২৮৩।

আর, এস দাগ নম্বর-৩৩৪(অংশ), ৩৩৫(অংশ), ৩৩৭(অংশ), মোট জমির পরিমাপ ০.৫৯২৫ একর।

সর্বমোট জমির পরিমাপ = ৩৭.৭৬৭১ + ১.৬৪৮১ + ০.৫৯২৫ = ৪০.০০৭৭ একর।

**সিটি কর্পোরেশনের আওতামুক্ত মোট জমির পরিমাপ= ৩৭.৭৬৭১ একর**
**সিটি কর্পোরেশনের আওতাভুক্ত মোট জমির পরিমাপ= ২.২৪০৬ একর**
**সিটি কর্পোরেশনসহ মোট জমির পরিমাপ= ৪০.০০৭৭ একর।**

**মোহাম্মদ আইয়ুব**
সচিব।

---

**Economic Relations Division**
**Ministry of Finance**

**Notification**

Dated. 21 December 2015

**No. 09.332.024.01.26.004.2015.304**—As per the provision laid in down in clause 3(1) Walf Deed, described under clause-3 of the Agreement signed on 29 March 1987 between the Islamic Development Bank (IDB) and the Government of the People's Republic of Bangladesh relating to establishment of the IDB-Bangladesh Islamic Solidarity Education Wakf (IDB-BISEW) in Dhaka and in consultation with the Islamic Development Bank, the Government of the People's Republic of Bangladesh is pleased to reconstitute the Committee Mutawallis of the IDB-BISEW for a period of 3 (three) years (2015-2018) in the following manner with effect from 07 September 2015:

| | | | |
|---|---|---|---|
| 1. | Mr. Ahmed Saad Al-Jasser | Chairman | IDB nominated |
| 2. | Senior Secretary<br>Finance Division, Ministry of Finance, Bangladesh Secretariat, Dhaka. | Vice- Chairman | GoB nominated |

| | | | |
|---|---|---|---|
| 3. | Dr. Mohammed Ahmed Kiwan | Member | IDB nominated |
| 4. | Dr. Mohamed Ahmed Salem (An IDB Regular Staff) | Member | IDB nominated |
| 5. | Secretary<br>Ministry of Religious Affairs, Bangladesh Secretariat, Dhaka. | Member | GoB nominated |
| 6. | Additional Secretary (Administration & Middle-East) Economic Relations Division (ERD)<br>Ministry of Finance, Sher-e-Bangla Nagar, Dhaka. | Member | GoB nominated |

The Committee of Mutawallis will perform its duties and responsibilities in accordance with the powers vested upon them in clause-6 of the aforementioned Waqf Deed.

This will come into effect immediately.

By order of the president

**Nawsher Ahmed Sikder**
Assistant Chief.